**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 6/3/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল ঘোষণা করলেন নিউ ইয়র্ক স্টেট 2025 বিশ্ব ক্যানাল কনফারেন্স আয়োজন করবে

## *আন্তর্জাতিক ইভেন্টটি ঐতিহাসিক ইরি ক্যানাল উদ্বোধনের 200 বছর পূর্তির উদযাপনের সময় আয়োজিত হবে*

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে ইনল্যান্ড ওয়াটারওয়ে ইন্টারন্যাশনাল (Inland Waterways International) নিউ ইয়র্ক স্টেটকে 2025 বিশ্ব ক্যানাল কনফারেন্সের (2025 World Canals Conference) আয়োজক হিসেবে নির্বাচিত করেছে, এটি এমন একটি ইভেন্ট যা বিশ্বের সকল স্থান থেকে শত শত ক্যানাল ও ইনল্যান্ড ওয়াটারওয়ে নিয়ে আগ্রহী মানুষ, পেশাদার এবং পণ্ডিতদের একত্রিত করবে যাতে তারা ক্যানাল সম্পর্কিত অনেক ধরনের বিষয় সম্পর্কে জানতে পারে। 2025 কনফারেন্সটি বাফেলোতে আয়োজিত হবে, যখন স্টেট সেখানে 1825 সেলাই উদ্বোধন হওয়া ইরি ক্যানালের 200 বছর পূর্তি স্মরণ করবে। নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ (New York Power Authority, NYPA), নিউ ইয়র্ক স্টেট ক্যানাল কর্পোরেশন (New York State Canal Corporation), এবং ইরি ক্যানালওয়ে জাতীয় হেরিটেজ করিডোর (Erie Canalway National Heritage Corridor); ইরি ক্যানাল হারবার ডেভেলপমেন্ট কর্পোরেশন (Erie Canal Harbor Development Corporation) এবং ভিজিট বাফেলো নায়াগ্রার (Visit Buffalo Niagara) সাথে অংশীদারিত্বে, যৌথভাবে কনফারেন্সটি স্পন্সর করবে ও এর সকল বিষয়ের সমন্বয় করবে।

"আমি গর্বিত যে নিউ ইয়র্ক স্টেট, বিশেষ করে বাফেলো শহর 2025 বিশ্ব ক্যানাল কনফারেন্স আয়োজন করবে, যা আমাদেরকে বিশ্বের সকল স্থান থেকে আগত অংশগ্রহণকারীদের আতিথেয়তা করার সুযোগ দিবে এবং একইসাথে ইরি ক্যানাল উদ্বোধনের 200তম বর্ষপূর্তি চলাকালীন সময়ে আমাদের স্টেট ও দেশের ইতিহাসের একটি অতি গুরুত্বপূর্ণ অংশের উপর আলোকপাত করার সুযোগ দিবে," **গভর্নর হোকল বলেন।** "ইরি ক্যানালটি নিউ ইয়র্কের অর্থনীতি এবং ল্যান্ডস্কেপের একটি অবিচ্ছেদ্য অংশ হয়ে আছে, 1825 সালে বাফেলোতে গভর্নর ডিউইট ক্লিনটনের সদ্য কাজ শেষ হওয়া ক্যানালে 10-দিনব্যাপী উদ্বোধনী যাত্রা শুরু করার পর থেকে, যখন নিউ ইয়র্ক হারবারে বিখ্যাত 'পানির বিয়ে (Wedding of the Waters)' অনুষ্ঠানটি সমাপ্ত হয়।"

বিশ্ব ক্যানাল কনফারেন্স হলো ঐতিহাসিক বাফেলো ওয়াটারফ্রন্টে 2025 সালের মে থেকে সেপ্টেম্বরের মধ্যে পরিকল্পিত দুইশ বছর পূর্তির জন্য একটি সার্বিক, চার মাস দীর্ঘ উদযাপনের

একটি মুখ্য অংশ। ইভেন্টটি বাফেলোর রূপান্তরিত ওয়াটারফ্রন্ট ক্যানালসাইড জেলার উপর আলোকপাত করবে, যা সম্প্রতি 400 মিলিয়ন মার্কিন ডলারের বেশি নতুন বিনিয়োগ দেখেছে যার মধ্যে আছে নতুন হোটেল, একটি প্রধান ক্রীড়া এরিনা, একটি শিশুদের জাদুঘর, খুচরা বিক্রয়ের দোকান এবং কুইন সিটিতে আসল ইরি ক্যানালের আলোকে বানানো একটি দুর্দান্ত, পুনরায় তৈরিকৃত ওয়াটারওয়ে। বর্তমানে, বাফেলোর ক্যানালসাইড বার্ষিক 10,00,000-র বেশি মানুষকে আকৃষ্ট করে।

কনফারেন্স কর্মসূচিটি হবে প্রাণবন্ত, সংশ্লিষ্ট এবং নিঃসন্দেহে ভবিষ্যতের উপর কেন্দ্র করে, যেহেতু ক্যানাল ও ইনল্যান্ড ওয়াটারওয়েগুলি তাদের আশেপাশের সম্প্রদায়গুলির সামাজিক, সাংস্কৃতিক এবং অর্থনৈতিক বুননের সাথে ওতপ্রোতভাবে জড়িয়ে আছে।সেই অনুযায়ী, ইভেন্টটির কাঠামো গঠন করা হবে আজকের বিশ্বে স্বাস্থ্যকর ও টেকসই ওয়াটারওয়ে চালনা করা সংক্রান্ত উদ্ভাবন, সুযোগ, ও সমস্যা নিয়ে আলোচনা করে।ওয়াটারওয়ে এবং সম্প্রদায়, পর্যটন ও বিনোদন, ওয়াটারওয়ে ব্যবস্থাপনা, ঐতিহাসিক সংরক্ষণ, এবং অন্তর্ভুক্তি ও উপলভ্যতার ব্যাপারে সেশনসমূহ নিয়ে কনফারেন্সের বহুমুখী ও আকর্ষণীয় এজেন্ডা গঠিত হবে। আন্তর্জাতিক অংশগ্রহণকারীরা ইরি ক্যানাল উত্তর আমেরিকা এবং তার বাইরেও যে অমোচনীয় প্রভাব এনেছে তা দেখতে পারবে এবং বিশ্বের সকল ইনল্যান্ড ওয়াটারওয়ের জন্য একটি প্রাণবন্ত ও প্রতিশ্রুতিপূর্ণ ভবিষ্যতের পথ ঠিক করতে পারবে।

**নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জাস্টিন ই. ড্রিস্কল বলেন,** "আমাদের নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ এবং ক্যানাল কর্পোরেশন পরিবার গভর্নর হোকল ও আমাদের অংশীদারদের সাথে যোগ দিয়ে নিউ ইয়র্ক স্টেটের আইকনিক ইরি ক্যানালের দুইশ বছর পূর্তি আন্তর্জাতিক পর্যায়ে উদযাপন করতে পেরে অত্যন্ত গর্বিত। আন্তর্জাতিক ইভেন্টটি শুধু আমাদের এখনো সক্রিয় ক্যানাল ব্যবস্থাকেই শুধু প্রদর্শন করবে না, বরং স্থানীয় অর্থনীতিতে এর ক্রমাগত ইতিবাচক প্রভাবের কথা প্রচার করবে এবং আমাদের ওয়াটারওয়ে ও ট্রেইলওয়ের নেটওয়ার্ক সংলগ্ন অ্যাডভেঞ্চারের অগণিত সুযোগের উপরেও আলোকপাত করবে।"

**নিউ ইয়র্ক স্টেটের ক্যানাল কর্পোরেশনের পরিচালক ব্রায়ান ইউ. স্ট্র্যাটন বলেন,** "প্রায় দুই শতাব্দী ধরে, ইরি ক্যানাল আমাদের স্টেটের মানুষ এবং বাণিজ্যকে সংযুক্ত করেছে, এবং এই আইকনিক ওয়াটারওয়ের একজন স্টুয়ার্ডস হিসেবে আমি গভর্নর হোকল এবং আমাদের সহকর্মীদের সাথে মিলে এর দুইশ বছর পূর্তি উদযাপন করার ব্যাপারে আনন্দিত, যেখানে আমরা নিউ ইয়র্ক স্টেটে বিশ্ব ক্যানাল কনফারেন্সের আন্তর্জাতিক মনোযোগ ফেরত আনবো। ইনল্যান্ড ওয়াটারওয়ে নেতৃবৃন্দের এবং ক্যানাল নিয়ে উৎসাহীদের বৈশ্বিক সম্মেলন আমাদেরকে সত্যিকার অর্থে প্রদর্শন করতে দেয় যে ক্যানাল ব্যবস্থায় আমাদের অব্যাহত বিনিয়োগ আপস্টেট নিউ ইয়র্কজুড়ে ক্যানালসাইড সম্প্রদায়গুলিতে বিনোদন ও স্থানীয় ব্যবসাকে সমর্থন করে।"

**ইরি ক্যানালওয়ে জাতীয় হেরিটেজ করিডোরের নির্বাহী পরিচালক বব র‍্যাডলিফ বলেন,** "বাফেলো এই কনফারেন্স আয়োজন করার আদর্শ স্থান এবং আমি পুরো বিশ্বকে এর সবকিছু দেখাতে পেরে গর্বিত। 'পশ্চিমের গেটওয়ে' হিসেবে পরিচিত ইরি ক্যানালটি বাফেলোর বন্দর শহরকে গ্রিন লেক সংলগ্ন অন্যান্য শহর এবং নিউ ইয়র্ক সিটিতে অতলান্তিক মহাসাগর

পর্যন্ত সংযুক্ত করে। 'পশ্চিমের গেটওয়ে' হিসেবে পরিচিত ইরি ক্যানালটি বাফেলোর বন্দর শহরকে গ্রিন লেক সংলগ্ন অন্যান্য শহর এবং নিউ ইয়র্ক সিটিতে অতলান্তিক মহাসাগর পর্যন্ত সংযুক্ত করে।"

**ইরি ক্যানাল হারবার ডেভেলপমেন্ট কর্পোরেশনের বোর্ড চেয়ারম্যান রবার্ট জিওইয়া বলেন,** "ক্যানালসাইড 2025 বিশ্ব ক্যানাল কনফারেন্স আয়োজন করার জন্য নির্বাচিত হয়ে সম্মানিত হয়েছে। কনফারেন্সটি বাফেলোর ওয়াটারফ্রন্টে ইরি ক্যানালের 200তম বর্ষপূর্তি উদযাপনের একটি গ্রীষ্মের সমাপ্তি টানবে। ঐতিহাসিক এই মাইলফলক উদযাপন করতে একাধিক ইভেন্টের পরিকল্পনা করা হয়েছে, যার মধ্যে থাকবে জনগণের শিল্প, শিক্ষা সংক্রান্ত কর্মসূচি, এবং রেপ্লিকা প্যাকেট নৌকাযাত্রা যা বর্তমানে ক্যানালসাইডের লংশেডে তৈরি করা হচ্ছে।"

**ভিজিট বাফেলো নায়াগ্রার প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা প্যাট্রিক কালের বলেন,** "'ভালো প্রতিবেশীদের শহরের' ক্রয়ক্ষমতা ও ক্ষুদ্র পদচিহ্ন, হাঁটার মতো ডাউনটাউন, এবং ঘরের বাইরের সমৃদ্ধ অবসর ক্রিয়াকলাপ, যেমন ইরি ক্যানালের পশ্চিম টার্মিনাসের অত্যন্ত সুন্দর ওয়াটারফ্রন্ট, মিলিত হয়ে বাফেলোকে একটি প্রতিযোগিতামূলক ইভেন্টের গন্তব্যে পরিণত করেছে এবং আমরা কী প্রদান করতে পারি তার ইতিহাস অতুলনীয়। আমি এখানকার সকল কিছু বিশ্বকে দেখতে উন্মুখ হয়ে আছি।"

**স্টেটের সিনেটর টিমোথি কেনেডি বলেন,** "ইরি ক্যানাল বাফেলো শহরের নির্মাণে এবং সকল নিউ ইয়র্কের জন্য একটি অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে এবং এটি আমাদের শহরের আজকের পরিচিতির একটি জরুরি অংশ হয়েই আছে। আমি 2025 বিশ্ব ক্যানাল কনফারেন্সের জন্য বাফেলোর সকল কিছু প্রদর্শন করতে উন্মুখ, যা ক্যানাল উদ্বোধনের 200তম বর্ষপূর্তিরও স্মরণ করবে। কুইন সিটির জন্য এই গুরুত্বপূর্ণ ইভেন্টটি নিশ্চিত করতে যারা কাজ করেছে তাদের সকলকে অভিনন্দন।"

**স্টেটের সিনেটর শন রায়ান বলেন,** "2025 বিশ্ব ক্যানাল কনফারেন্স আয়োজন করতে পারা বাফেলোর জন্য একটি স্বতন্ত্র সম্মান যেহেতু আমরা ইরি ক্যানালের দুর্দান্ত 200-বছরের মাইলফলক পার করছি। যখন আমরা আমাদের ইতিহাস উদযাপন করবো ও ভবিষ্যতের জন্য অধীর আগ্রহে অপেক্ষা করবো, তখন বিশ্বের কাছে বাফেলো ও পশ্চিম নিউ ইয়র্ককে তুলে ধরার এটি একটি অনন্য সুযোগ।"

**অ্যাসেম্বলি সংখ্যাগরিষ্ঠ নেতা ক্রিস্টাল পিপল স্টোকস বলেন,** "যেসময় আমরা ইরি ক্যানালের 200তম বর্ষপূর্তি পালন করবো, তখন 2025 বিশ্ব ক্যানাল কনফারেন্স আয়োজন করতে পেরে বাফেলো সম্মানিত হবে। আমাদের ওয়াটারফ্রন্ট আরো অনেক বেশি দর্শনার্থীদের আকৃষ্ট করে চলেছে যারা ইরি ক্যানালের ইতিহাস সম্পর্কে আরো জানতে আগ্রহী। আমরা ক্যানাল ব্যবস্থার ভালো অনুশীলন আদানপ্রদান করার জন্য এবং কীভাবে বাফেলোর ক্যানালসাইড আমাদের শহরকে পুনরুজ্জীবিত করেছে তা বিশ্বের সকল আগত কনফারেন্সের অংশগ্রহণকারীদের দেখানোর জন্য উন্মুখ হয়ে আছি।"

**অ্যাসেম্বলি সদস্য জন ডি. রিভেরা বলেন,** "যখন 1825 সালে ইরি ক্যানাল তার ওয়াটারওয়ে খুলে দেয়, তখন এটি আমেরিকান উদ্ভাবনী দক্ষতার একটি নতুন যুগের সূচনা করে, একসাথে অনেক মালপত্র কীভাবে পৌঁছানো হবে তার পন্থা রূপান্তর করে দেয় এবং বাণিজ্যিক পরিবহনের পথের সংজ্ঞা পাল্টে দেয়। আজকে, ইরি ক্যানাল যথার্থভাবেই আমাদের দেশের অর্থনৈতিক পরাক্রমে এর ঐতিহাসিক গুরুত্বের জন্য পরিচিত এবং যথাযথভাবেই এটিকে সর্বাধিক প্রভাবশালী মানবসৃষ্ট ওয়াটারওয়েগুলির একটি এবং পুরকৌশলের একটি উদাহরণ হিসেবে বিবেচনা করা হয়। 2025 বিশ্ব ক্যানাল কনফারেন্স এবং বাফেলোর ক্যানালের উদ্বোধনের 200তম বর্ষপূর্তি একই সময়ে হওয়ার ফলে এটি ক্যানালের সুবিখ্যাত ইতিহাসকেই কেবল স্মরণ করবে না, বরং এটি বিশ্বের সকল স্থান থেকে আগত দর্শনার্থীদেরকে দেখাবে যে কীভাবে বাফেলো এর ওয়াটারফ্রন্টে বিনিয়োগ করছে এবং বিশ্বের সর্বাধিক পরিচিত ক্যানাল ব্যবস্থাগুলির একটির আধুনিকায়ন করছে।"

**বাফেলো সিটির মেয়র বায়রন ব্রাউন বলেন,** "বাফেলো ক্যানালসাইডে এই আন্তর্জাতিক প্রতিনিধি দলের ইভেন্ট আয়োজন করতে পেরে গর্বিত। শহরের বিখ্যাত শস্য এলিভেটর, ঘরের বাইরের বিনোদন এবং অনন্য স্থাপত্য এটিকে 2025 বিশ্ব ক্যানাল কনভেনশনের জন্য দারুণ একটি বাছাই করে তুলেছে। আমরা আপনাদের আমাদের ওয়াটারফ্রন্টে স্বাগত জানাতে উন্মুখ।"

**ইনল্যান্ড ওয়াটারওয়েজ ইন্টারন্যাশনালের প্রেসিডেন্ট রুডি ভ্যান ডার উইন বলেন,** "ইনল্যান্ড ওয়াটারওয়েজ ইন্টারন্যাশনাল এর সদস্যদের নিয়ে গঠিত বড় একটি প্রতিনিধি দল, যারা বিশ্বব্যাপী 27টি দেশ থেকে আসবে, নিয়ে বাফেলো এবং বৃহত্তর অঞ্চলকে ঘুরে দেখতে অধীর আগ্রহে অপেক্ষা করছে, 2025 বিশ্ব ক্যানাল কনভেনশন উপলক্ষে! আমরা নিশ্চিত যে NY/USA-র আয়োজক শহর এটিকে একটি অবিস্মরণীয় ইভেন্ট বানাবে!"

বাফেলোর আসন্ন কনফারেন্সটি হবে সাম্প্রতিক বছরগুলিতে চতুর্থ বারের মতো নিউ ইয়র্ক স্টেটের আয়োজন করা এমন আন্তর্জাতিক ইভেন্ট। এর পূর্বে, 2000 ও 2010 সালে এটি রচেস্টারে আয়োজিত হয়েছে, এবং 2017 সালে সিরাকিউজে অনুষ্ঠিত হয়েছে, যা 1817 সালে ইরি ক্যানাল নির্মাণকাজ শুরু করার 200 বছর পূর্তির নির্দেশক ছিলো। 2025 সালের বিশ্ব ক্যানাল কনফারেন্সের বিশেষ বিস্তারিত কনফারেন্সের পরিকল্পনা শুরু হলে ঘোষণা করা হবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন